



রপ্তানি উন্নয়ন ব্যুরো
নীতি ও পরিকল্পনা বিভাগ
টিসিবি ভবন
১, কাওরান বাজার
ঢাকা



নং-২৬.০২.০০০০.০২১.১৯.১০০.১৭/১৬৪৩


তারিখঃ ২৭-০৪-২০২০ খ্রিঃ

অফিস আদেশ

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও প্রাদুর্ভাবজনিত কারণে সরকার কর্তৃক ঘোষিত ছুটিকালে দেশের রপ্তানির স্বার্থে রপ্তানি উন্নয়ন ব্যুরোর নীতি ও পরিকল্পনা বিভাগের নন-টেক্সটাইল শাখার জিএসপি/সাফটা/সাপটা/আফটা/সিও ও অন্যান্য সার্টিফিকেট অব অরিজিন ইস্যু সংক্রান্ত কার্যক্রম পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত (সাপ্তাহিক ছুটি ও সরকারি অন্যান্য ছুটি ব্যাতিরেকে) প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ পর্যন্ত চলমান থাকবে। উক্ত সময়ে কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্মস্থলে উপস্থিত থাকবেন।

০২। সেবা গ্রহণকারী প্রতিনিধিকে করোনা ভাইরাস প্রতিরোধে সকল প্রকার সতর্কতা অবলম্বনপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মোঃ জাহাঙ্গীর হোসেন)
পরিচালক (যুগ্ম-সচিব)
ফোন নং ৮১৮০০৮৫

অনুলিপি কার্যার্থেঃ

- ০১। জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী পরিচালক।
- ০২। জনাব মোঃ আমিনুর ইসলাম, নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমে নয়)

- ১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী মহোদয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। একান্ত সচিব, সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ব্যুরোর ওয়েবসাইটে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা)।
- ৫। এপিআরও টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। পি এ টু মহা-পরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহা-পরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী পরিচালক, মোবাইল ০১৮২২৫০২৫৫৩ (জরুরি প্রয়োজনে যোগাযোগের জন্য)।